

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ২০, ১৯৯৫

৮ম খন্দ—বেসরকারী ব্যাংক এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিয়োগে জারীকৃত বিজ্ঞাপন ও
দোষিত্বসমূহ।

সোনালী ব্যাংক

প্রধান কার্যালয়

৩৪-৩৫, প্রতিবিল বাণিজ্যিক এলাকা
চাকা।

প্রজ্ঞাপন

তাঁরিখ, ৩০শে জুন, ১৯৯৫/১৫ই জ্ঞাবণ ১৪০২

এল. আর. ও. নং ১০৪-আইন/১৫—Bangladesh Banks (Nationalisation) Order, 1972 (P. O. No. 26 of 1972) এর Article-29 এ প্রদত্ত ক্ষমতাবলে সোনালী ব্যাংকের
বোর্ড অব ডাইরেক্টর্স, সরকারের প্র্বেন্ট্রমোডনক্তমে, Sonali Bank (Employees) Service
Regulations, 1981 রহিত করিয়া নিচৰপে প্রিবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

প্রথম অধ্যায়

স্তৰনা

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।—(১) এই প্রিবিধানমালা সোনালী ব্যাংক কর্মচারী
চাকুরী প্রিবিধানমালা, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

(২) এই প্রিবিধানমালা বিদেশের শাখা/অফিসসমূহে স্থানীয়ভাবে নিরোগকৃত কর্মচারী
বাসিন্দারেকে সোনালী ব্যাংকের সকল সার্বক্ষণিক কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে, তবে সরকার বা
স্থানীয় কর্তৃপক্ষ হইতে প্রেষণে নিরোজিত অথবা খণ্ডকালীন ভিত্তিতে নিরোজিত কর্মচারীদের
ক্ষেত্রে, এই প্রিবিধানমালার কোন কিছু প্রযোজ্য বলিয়া তাহাদের চাকুরীর শর্তে স্পষ্ট উল্লিখিত
না থাকিলে, ইহা প্রযোজ্য হইবে না।

(২৫৯১)

মূল্য : টাকা ১০.০০

২। সংজ্ঞা—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকলে, এই প্রবিধানমালার—

- (ক) “অসমাচরণ” অর্থ চাকুরীর শব্দেলা বা নিয়মের হাঁচিকর আচরণ, এবং কোন কর্মচারী
বা ভদ্রজনের পক্ষে সোজনীয় নয় এমন আচরণ এবং নিম্নবর্ণিত আচরণসমূহ ইহার
অন্তর্ভুক্ত হইবে, যথা:—
- (অ) উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্য;
- (আ) কর্তব্যে গুরুতর অবহেলা;
- (ই) আইনসংগত কারণ ব্যাতিরেকে উপরুচি কর্মকর্তার কোন আদেশ অথবা
নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন; এবং
- (ঈ) কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে বিচার বিবেচনাহীন, বিরক্তিকর,
মিথ্যা ও অসার অভিবোগ সম্বলিত দরখাস্ত পেশ করা;
- (ঘ) “উপব্রূক্ত কর্তৃপক্ষ” অর্থ সংশ্লিষ্ট কার্যাদি নিষ্পত্তির জন্য উপব্রূক্ত কর্তৃপক্ষ
হিসাবে বোর্ড কর্তৃক ঘোনীভূত কোন কর্তৃপক্ষ;
- (ঙ) “কর্তৃপক্ষ” অর্থ নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা উক্ত কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার
জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তা এবং উক্ত কর্মকর্তার উর্ধ্বতন কোন কর্ম-
কর্তা ও ইহার অন্তর্ভুক্ত হইবেন;
- (ঘ) “কর্মকর্তা” অর্থ সোনালী বাংকের কোন কর্মকর্তা;
- (ঙ) “কর্মচারী” অর্থ সোনালী বাংকের কোন কর্মচারী এবং বে-কোন কর্মকর্তাও ইহার
অন্তর্ভুক্ত হইবেন;
- (চ) “ডিপ্রী”, “ডিপ্লোমা” বা “সার্টিফিকেট” অর্থ ক্ষেত্রত, কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়,
স্বীকৃত বোর্ড বা স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ডিপ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগ্রস্ত
যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট;
- (ছ) “তফসিল” অর্থ এই প্রবিধানমালার সহিত সংযোজিত তফসিল;
- (জ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ বোর্ড এবং কোন পদে নিয়োগের জন্য বোর্ড কর্তৃক
ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;
- (ঝ) “পদ” অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;
- (ঝঁ) “পলায়ন” অর্থ বিনা অনুমতিতে চাকুরী বা কর্তব্যালয় তাগ, অথবা ৬০ (ষাট)
দিন বা তদুপরি সময় ব্যবহৃত কর্তব্য হইতে অনুপস্থিত, অথবা অনুমতিসহ কর্তব্যে
অনুপস্থিতির প্রারম্ভালাহিকভাবে অনুমোদিত যোগাদের পর ৬০ (ষাট) দিন বা তদুপরি
সময় পুনঃ অনুমতি প্রাপ্ত ব্যাতিরেকে অনুপস্থিত, অথবা বিনা অনুমতিতে দেশ
তাগ এবং ৩০ (ত্রিশ) দিন বা তদুপরি সময় অবস্থান, অথবা অনুমতিসহ দেশ
তাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ৬০ (ষাট) দিন বা তদুপরি
সময় বিদেশে অবস্থান;
- (ঁ) “প্রয়োজনীয় যোগাতা” অর্থ কোন পদের জন্য তফসিলে উল্লেখিত যোগাতা;
- (ঁঁ) “বোর্ড” অর্থ সোনালী বাংকের বোর্ড অব ডাইরেক্টরস;
- (ঁঁঁ) “বাংক” অর্থ সোনালী বাংক;
- (ঁঁঁঁ) “শিক্ষানবিস” অর্থ কোন শাখা পদের বিপরীতে শিক্ষানবিস হিসাবে নিয়োগপ্রাপ্ত
কোন কর্মচারী;

- (৭) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” / “স্বীকৃত বোর্ড” বা “স্বীকৃত প্রতিষ্ঠান” অথবা আগামিতঃ বন্দবৎ কোন আইনের ব্যাখ্যা বা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই প্রতিষ্ঠানমালার উদ্দেশ্য প্রস্তুতকল্পে বোর্ড কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠান ইহার অন্তর্ভুক্ত হইবে।

শ্বতীয় অধ্যায়

নিয়োগ পদ্ধতি, ইত্যাদি

৩। নিয়োগ পদ্ধতি।—এই অধ্যায়, তফসিল এবং সংবিধানের ১২৯ অনুচ্ছেদের বিধান অনুসারে সরকার কর্তৃক নির্ধারিত কোটি সংক্রান্ত বিধানাধলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

- (ক) সরাসরি নিরোগের মাধ্যমে;
- (খ) পদোন্নতির মাধ্যমে।

৪। বাছাই কর্মিটি।—সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগদানে সংপারিশ প্রদানের উদ্দেশ্যে বোর্ড এক বা একাধিক বাছাই কর্মিটি নিরোগ করিবে এবং বাছাই কর্মিটির সংপারিশ প্রতিরেকে কোন বাস্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না।

৫। সরাসরি নিয়োগ।—(১) কোন বাস্তি কোন পদে সরাসরি নিয়োগ লাভের জন্ম উপযুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন; অথবা
- (খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন বাস্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্ম প্রতিশ্রূতবস্থ হইয়া থাকেন।
- (২) কোন বাস্তি কোন পদে সরাসরিভাবে নিষুক্ত হইবেন না যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তাহার বরসসীমা তফসিলে উল্লিখিত বরসসীমার মধ্যে না হয়ঃ।
- তবে শর্ত থাকে যে, বাস্তিকের কর্ম নিষুক্ত আছেন এমন কোন প্রাথমীর ক্ষেত্রে বরসসীমা শিথিলায়োগ্য হইবে।
- (৩) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

- (ক) উক্ত পদে নিরোগের জন্ম নির্বাচিত বাস্তিকে বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নিষুক্ত চিকিৎসা পর্যবেক্ষণ বা চিকিৎসা কর্মকর্তা স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যাহন করেন;
- (খ) এইরূপ নির্বাচিত বাস্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হব এবং দেখা যায় যে, বাস্তিকের চাকুরীতে নিয়োগ লাভের জন্ম তিনি অনুপযুক্ত নহেন।

(৪) সরাসরি নিরোগের ক্ষেত্রে দেশের রাজধানী হইতে প্রকাশিত অন্ততঃ দুইটি দৈনিক পত্রিকার বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহবান করিতে হইবে।

৬। পদোন্নতির মাধ্যমে নিরোগ।—(১) এই প্রতিধানমালার অন্যান্য বিধান এবং তফসিলের বিধানবাসী সাপেক্ষে, কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা বাইবে।

(২) কোন কর্মচারীর চাকুরীর ব্রহ্মাণ্ড (সার্ভিস ব্রেকড') সন্তোষজনক না হইলে তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিরোগের জন্য বিবেচিত হইবেন না।

(৩) কেবলমাত্র জ্যোত্তর কারণে কোন কর্মচারী অধিকার হিসাবে তাহার পদোন্নতি দাবী করিতে পারিবেন না।

৭। শিক্ষান্বিস।—(১) কোন স্থানীয় শব্দের বিপরীতে নিরোগের জন্য বাছাইক্রত ব্যাপ্তিকে—

(ক) সরাসরি নিরোগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে এক বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্ত তারিখ হইতে ছয় মাসের জন্য শিক্ষান্বিস হিসাবে নিরোগ করা হইবে:

তবে শৰ্ত থাকে যে, নিরোগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষান্বিসের শিক্ষান্বিস মেয়াদ অনধিক ছয় মাসের জন্য ব্যৱিধ করিতে পারে।

(২) যেক্ষেত্রে কোন শিক্ষান্বিসের শিক্ষান্বিস মেয়াদ চলাকালে নিরোগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিরোগের ক্ষেত্রে, শিক্ষান্বিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে: পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষান্বিস মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিরোগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষান্বিস মেয়াদ চলাকালে কোন শিক্ষান্বিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপর্যুক্ত (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থানীয় করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষান্বিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিলনা, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিরোগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষান্বিসকে কোন পদে স্থানীয় করা হইবেনা যদি তিনি উক্ত পদে স্থায়ী হওয়ার জন্য কোন পরামীক্ষা বা প্রশিক্ষণ নির্ধারিত থাকিলে উক্ত পরামীক্ষার পাস না করেন বা সফলতার সহিত প্রশিক্ষণ সম্পন্ন না করেন।

তৃতীয় অধ্যায়

চাকুরীর সাধারণ শর্তাবলী

৪। ঘোগদানের সময়।—(১) অন্য চাকুরীসহলে বদলীর ক্ষেত্রে বা ন্যূনতম পদে ঘোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথা:—

(ক) অন্তুতির জন্য ৬ (ছয়) দিন; এবং

(খ) প্রমাণে অতিবাহিত প্রয়োজনীয় সময়ঃ

তবে শৃঙ্খলা থাকে যে, উপরি-উক্ত সময়ের মধ্যে সাধারণ ছুটির দিন অন্তর্ভুক্ত হইবেন।

(২) উপ-প্রাধিকার (১) এ বাহা কিছু থাকুক না কেন, যেক্ষেত্রে বদলির কলে বদলিক্ত কর্মচারীকে তাহার ন্যূনতম কর্মসহলে ঘোগদানের উদ্দেশ্যে বাসস্থান পরিবর্তন করিতে হয় না, সেক্ষেত্রে ন্যূনতম কর্মসহলে ঘোগদানের জন্য একাদিনের বেশী সময় দেওয়া হইবে না এবং এই উপ-প্রাধিকারের উদ্দেশ্যে প্রত্যক্ষভাবে সাধারণ ছুটির দিনকেও উক্ত ঘোগদানের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে।

(৩) কোন বিশেষ ক্ষেত্রে, উপযুক্ত কর্তৃপক্ষ উপ-প্রাধিকার (১) ও (২) এর অধীনে প্রাপ্ত ঘোগদান সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবেন।

(৪) কোন কর্মচারী এক চাকুরীসহল হইতে অন্য বদলী হইলে অথবা চাকুরীসহল পরিবর্তন করিতে হয় এমন কোন ন্যূনতম পদে নিরোগপ্রাপ্ত হইলে, তাহার প্রত্যাতন চাকুরীসহল, অথবা সে স্থানে তিনি নিরোগের বা বদলীর আদেশ পাইয়াছেন, এই দ্রুতিয়ের মধ্যে যে স্থানে কর্মচারীর জন্য অধিকতর সুবিধাজনক হয়ে সে স্থান হইতে তাহার ঘোগদানের সময় গণনা করা হইবে।

(৫) কোন কর্মচারী এক চাকুরীসহল হইতে অন্য চাকুরী সহলে বা এক পদ হইতে অন্য পদে ঘোগদানের অন্তর্ভুক্তীকালীন সময়ে মৌড়িকেল সাটিফিকেট পেশ না করিয়া ছুটি গ্রহণ করিলে, তাহার দারিদ্র্যভাব হস্তান্তর করিবার পর হইতে ছুটি গ্রহণ পর্যন্ত যে সময় অতিবাহিত হয় তাহাও ছুটির অন্তর্ভুক্ত হইবে।

(৬) এক কর্মসহল হইতে অন্য কর্মসহলে বদলির ব্যাপারে এই প্রাধিকারের বিধানাবলী অপর্যাপ্ত বলিয়া বিবেচিত হইলে কর্মচারীদের বেলায় প্রয়োজ্য বিধি বা আদেশ প্রয়োজনীয় অভিজ্ঞানসহ, প্রয়োজ্য হইবে।

৯। বেতন, ও ভাতা।—সরকার বা সকারের নির্দেশের আলোকে বোর্ড বিভিন্ন সময়ে বেরুপ নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেইরূপ হইবে।

১০। প্রারম্ভিক বেতন।—(১) প্রথম নিরোগের সময়ে সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত বেতন-ক্ষেত্রে সবচীন বেতনই হইবে কোন কর্মচারীর প্রারম্ভিক বেতন।

(২) কোন বাস্তির বিশেষ মেধার শ্বীকৃতিবর্ধক সংশ্লিষ্ট বাছাই কমিটির সংশ্লিষ্টের ভিত্তিতে তাহাকে উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) সরকার উহার কর্মচারীদের বেতন সংরক্ষণের (প্রে-প্রটেকশন) উদ্দেশ্যে সময় সময় বেলায় জারি করে তদানস্থারে ব্যাংকের কর্মচারীদের বেতন সংরক্ষণ করা হইবে।

১১। পদোন্নতির ক্ষেত্রে বেতন।—কোন কর্মচারীর পদোন্নতির ক্ষেত্রে যে পদে তাহাকে পদোন্নতি প্রদান করা হয় সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে এবং উভ সর্বনিম্ন বেতন অপেক্ষা তাহার প্রারাতন পদে প্রাপ্ত স্কেলের বেতন বেশী হইলে, উচ্চতর পদের জন্য বেতনক্রমে তাহার প্রারাতন পদের মূল বেতনের অবাবহিত উপরের স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে।

১২। বেতন বর্ধন।—(১) বেতন বৃদ্ধি স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সরকারী নির্ধারিত হারে প্রত্যেক কর্মচারীর বেতন বর্ধন মঙ্গুর করা হইবে।

(২) বাদি বেতন বৃদ্ধি স্থগিত রাখা হয়, তাহা হইলে উহা মে মেয়াদ পর্বন্ত স্থগিত রাখা হয়, স্থগিতকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট আদেশে সেই মেয়াদ উল্লেখ করিবে।

(৩) কোন শিক্ষানবিস সাফল্যজনকভাবে শিক্ষানবিসকাল সমাপ্ত না করিলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য কর্তৃপক্ষ কোন কর্মচারীকে একসংগে অন্যথিক ২ (দুই) টি বিশেষ বেতন বর্ধন মঙ্গুর করিতে পারিবেন।

(৫) যেক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতা-সীমা নির্ধারিত রাখিয়াছে, সেক্ষেত্রে কর্তৃপক্ষের সংশ্লিষ্ট অনুমোদন ব্যতীত তাহার দক্ষতা-সীমা অতিক্রম বা প্রবৃত্তি বেতন বর্ধন অনুমোদন করা যাইবে না।

১৩। জ্যোত্তা।—(১) এই প্রিবিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জ্যোত্তা সেই পদে তাহার যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিরোগপ্রাপ্ত হইলে, নিরোগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কর্মটি কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকাভৰ্তিক স্পারিশ অনুসারে উভ কর্মচারীদের প্রারম্পরিক জ্যোত্তা স্থির করিবে।

(৩) একই পঞ্জিকাবর্ষে সরাসরি নিরোগপ্রাপ্ত এবং পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণ জ্যোত্ত হইবে।

(৪) যেক্ষেত্রে একাধিক ব্যক্তিকে একই দলের পদোন্নতি দেওয়া হয় সেক্ষেত্রে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে সেই পদে জ্যোত্তার ভিত্তিতে উচ্চতর পদে তাহাদের পারস্পরিক জ্যোত্তা স্থির করা হইবে।

(৫) ব্যাংক ইহার কর্মচারীদের প্রেডওয়ারী জ্যোত্তা তালিকা রক্ষণাবেক্ষণ করিবে এবং সময়সূচি তাহাদের অবগতির জন্য উহা প্রকাশ করিবে।

১৪। প্রেবন্থ ও প্রবৃত্তি।—(১) উপ-প্রিবিধান (২) এর বিধানসাপেক্ষে, ব্যাংক বীম সনে করে যে, উহার কোন কর্মকর্তার পারদর্শিতা বা তৎকর্তৃক গৃহীত বিশেষ প্রশিক্ষণ অন্য কোন সর্ববিধিবল্য সংলগ্ন, অতঃপর হাওলাত গ্রহণকারী সংস্থা বলিয়া উল্লিখিত, এর জন্য প্রৱেজনীয়,

তাহা হইলে ব্যাংক এবং হাওলাত গ্রহীতা সংস্থার মধ্যে পারম্পরিকভাবে সম্মত হৈরাদে ও শর্তাবলীনে হাওলাত গ্রহণকারী সংস্থার অনুরূপ বা সামুদ্রিক পদে কর্মরত থাকিবার জন্য উক্ত কর্তৃচারীকে নির্দেশ দিতে পারে:

তবে শর্ত থাকে যে, কোন কর্মকর্তাকে তাহার সম্মতি বাঢ়িতেকে হাওলাত গ্রহীতা সংস্থার কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া যাইবে না।

(২) হাওলাত গ্রহণকারী সংস্থা ব্যাংকের কোন কর্মকর্তার চাকুরীর আবশ্যিকতা রহিয়াছে বলিয়া বোধ করিলে অনুরূপ আবশ্যিকতার কারণ বর্ণনা করিয়া অনুরোধ জানাইবে এবং অনুরোধ প্রাপ্তির পর ব্যাংক উক্ত কর্মকর্তার সম্মতি লইয়া হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃক উচিত্যিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেষণের শর্তাবলী নির্ধারণ করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এ যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও প্রেষণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথা:—

(ক) প্রেষণের সময়কাল বার্তিক্রমী কেত্র ছাড়া, ৩ (তিনি) বৎসরের অধিক হইবে না;

(খ) ব্যাংকের চাকুরীতে কর্মকর্তার 'প্রব্রহ্ম' সংরক্ষিত থাকিবে এবং প্রেষণের সময়কাল শেষ হইবার পর অথবা তৎপূর্বেই ইহার অবসান ঘটিলে তিনি বাংকে প্রত্যাবর্তন করিবেন;

(গ) হাওলাত গ্রহীতা সংস্থা কর্মকর্তার ভবিষ্য তহবিল ও পেনশন তহবিল, যদি থাকে, ব্যাংক প্রাপ্ত অর্থ পরিশোধের নিষ্ঠয়তা বিধান করিবে।

(৪) কোন কর্তৃচারী প্রেষণে থাকাকালে, তিনি ব্যাংকে পদোন্নতির জন্য বিবেচনাবোগ্য হইলে তাহার পদোন্নতির বিষয় অন্যান্যদের সংগে একত্রে বিবেচনা করা হইবে এবং পদোন্নতি প্রদত্ত পদে তাহার করিবার জন্য তাহাকে ব্যাংকে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৫) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে তাহার পদোন্নতি কার্যকর করার উদ্দেশ্যে ব্যাংক তাহাকে ফেরত চাহিলে, তিনি যদি যথাসময়ে ফেরত না আসেন, তবে পদোন্নতি প্রদত্ত পদে তাহার জোষ্টতা তাহার প্রকৃত বোগদানের ত্বরিত গণনা করা হইবে।

(৬) যদি কোন কর্মকর্তাকে হাওলাত গ্রহীতা সংস্থা প্রেষণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে প্রেষণে থাকাকালে উক্ত কর্তৃচারীকে পদোন্নতি দেওয়া যাইতে পারে, এবং এর প্রেক্ষ্যে কোন আর্থিক সুবিধা ছাড়াই সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রয়োজন নিরূপ অন্যান্য পদোন্নতি প্রদত্ত পদে তাহার জোষ্টতা বক্ষ করা হইবে।

(৭) শাংখলাম্বক ব্যবস্থার ব্যাপারে হাওলাত গ্রহীতা সংস্থা প্রেষণে কর্মরত কর্মকর্তার নির্দেশে শাংখলাম্বক কার্যক্রম সংচালন করার উদ্দেশ্যে ব্যাংকের ক্ষমতা প্রযোগ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে অবস্থার পরিপ্রেক্ষিতে শাংখলাম্বক কার্যক্রম সংচালন করা হইলাহে, তাহা হাওলাত গ্রহণকারী সংস্থা ব্যাংককে অবহিত করিবে।

(৮) প্রেষণে কর্মরত কোন কর্মচারীর বিবাদে সঁচিত শাংখলাম্বক কার্যধারার প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী সংস্থা যদি এইরূপ মত পোষণ করে যে তাহার উপর কোন দণ্ড আবৃত্ত করা আবশ্যিক, তাহা হইলে উক্ত সংস্থা বেক্রেত্বসমূহ ব্যাংকের নিকট প্রেষণ করিবে এবং অভিপ্রায় ব্যাংক যেইরূপ প্রয়োজন বলিয়া মনে করে সেইরূপ আদেশ প্রদান করিবে।

চতুর্থ অব্যায়

ছুটি, ইত্যাদি

১৫। ছুটি।—(১) কোন কর্মচারীকে নিম্নবর্ণিত হৈ কোন ধরনের ছুটি প্রদান করা যাইতে পারে, বধা:—

- (ক) প্র্যাবেতনে ছুটি;
- (খ) অধ্যবেতনে ছুটি;
- (গ) বিনাবেতনে অসাধারণ ছুটি;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;
- (ঙ) সংগ্ৰহোষ ছুটি;
- (চ) প্রসূতি ছুটি;
- (ছ) অধ্যয়ন ছুটি;
- (জ) নৈমিত্তিক ছুটি; এবং
- (ঝ) অবসর-প্রস্তুতি ছুটি।

(২) উপবৃক্ত কৃত্তপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি বাতীত অন্যাবিধ ছুটি মঞ্চ কৰিতে পারে এবং ইহা সাধারণ ছুটিৰ দিনেৰ সহিত সংযুক্ত কৰিয়াও প্রদান কৰা যাইবে।

(৩) বোর্ডেৰ প্ৰাৰ্থনামোদন লইৱা উপবৃক্ত কৃত্তপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঞ্চ কৰিতে পারে।

১৬। প্র্যাবেতনে ছুটি।—(১) প্রত্যেক কর্মচারী তৎকৃতক দায়িত্ব পালনে অতিবাহিত কায়দাবিনোদনের ১০:১১ হারে প্র্যাবেতনে ছুটি অৰ্জন কৰিবেন এবং প্র্যাবেতনে প্রাপ্ত এককালীন ছুটিৰ পৰিমাণ ৪ (চার) মাসেৰ অধিক হইবে না।

(২) উপ-প্রীবিধান (১) এৰ অধীন অৰ্জিত ছুটিৰ পৰিমাণ ৪ (চাল) মাসেৰ অধিক হইলে, তাহা সংশ্লিষ্ট কৰ্মচারীৰ হিসাবে অন্ত খাতে জমা দেখানো হইবে এবং উহা হইতে ডাঙ্কারী সাটিফিকেট উপস্থাপন সাপোকে অথবা বাংলাদেশেৰ বাচিৰে ধৰ্মীয় সফৰ, অধ্যয়ন, অবকাশ বা চিকিৎসাবিনোদনেৰ জন্য প্ৰ্যাবেতনে ছুটি মঞ্চ কৰা যাইতে পারে।

১৭। অধ্যবেতনে ছুটি।—(১) প্রত্যেক কর্মচারী তৎকৃতক দায়িত্ব পালনে অতিবাহিত কায়দাবিনোদনের ১০:১১ হারে অধ্যবেতনে ছুটি অৰ্জন কৰিবেন এবং এইৱেপ ছুটি তমা হওয়াৰ কোন সীমা থাকিবে না।

(২) অধ্যবেতনে ২ (দুই) দিনেৰ ছুটিৰ পৰিবৰ্ত্তে ডাঙ্কারী সাটিফিকেট দাখিল সাপেক্ষে ১ (এক) দিনেৰ প্ৰ্যাবেতনে ছুটিতে রূপোন্তৰিত কৰা নাইতে পারে এবং এইৱেপ ছুটি সৰ্বোচ্চ ১২ (বাব) মাস হইতে পারে।

১৮। প্রাপ্যতাৰিহীন ছুটি।—(১) ডাক্তারী সাটিফিকেট দ্বাৰা সমীক্ষিত হইলে, কোন কৰ্মচাৰীকে তাহার সহগ্ৰ চাকুৱী জীৱনে সৰ্বোচ্চ ১ (বাৰ) মাস পৰ্যন্ত, এবং অন্য কোন কাৰণে হইলে, ৩ (তিনি) মাস পৰ্যন্ত, অৰ্থাৎ বেতনে প্রাপ্যতাৰিহীন ছুটি মঞ্জুৰ কৰা বাইতে পাৰে।

(২) কোন কৰ্মচাৰী তাহার ছুটি পাওনা হুওয়াৰ পৰ্বেই প্রাপ্যতাৰিহীন ছুটি ভোগ কৰিবলাকাৰী আসিলে, তিনি উক্ত ভোগকৃত ছুটিৰ সমান ছুটি পাইবাৰ অধিকাৰী না হুওয়া পৰ্যন্ত নিয়ন্ত্ৰণভাৱে উপ-প্ৰবিধান (১) এৰ অধীন কোন ছুটি পাইবাৰ অধিকাৰী হইবেন না।

১৯। বিনা বেতনে অসাধারণ ছুটি।—(১) যখন কোন কৰ্মচাৰীৰ কোন ছুটি পাওনা না থাকে, অথচ সংশ্লিষ্ট কৰ্মচাৰী লিখিতভাৱে বিনা বেতনে অসাধারণ ছুটিৰ জন্য আবেদন কৰেন, তখন তাহাকে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুৰ কৰা বাইতে পাৰে।

(২) বিনা বেতনে অসাধারণ ছুটিৰ মেয়াদ একবাৰে ৩ (তিনি) মাসেৰ অধিক হইবে না, তবে নিয়ন্ত্ৰণত কেতেও উক্ত ছুটিৰ মেয়াদ বৰ্ধিত কৰা বাইতে পাৰে, যথা :—

(ক) যেক্ষেত্ৰে সংশ্লিষ্ট কৰ্মচাৰী এই শর্তে বিদেশে প্ৰশিক্ষণ গ্ৰহণেৰ অনুমতি প্ৰাপ্ত হন মে, উক্ত প্ৰশিক্ষণ গ্ৰহণেৰ পৰে ৫ (পাঁচ) বৎসৱেৰ জন্য তিনি বাংকৈ চাকুৱী কৰিবেন; অথবা

(খ) যেক্ষেত্ৰে সংশ্লিষ্ট কৰ্মচাৰী চৰকৰসাধাৰণ থাকেন : 'অঘৰা

(গ) যেক্ষেত্ৰে উপযুক্ত কৰ্তৃপক্ষ এই 'মৰে' সন্তুষ্ট হয় মে, কৰ্মচাৰী তাহার নিয়ন্ত্ৰণ বহিৰ্ভূত কাৰণে কৰ্তৃবোঝ যোগাদান কৰিবলৈ অসমৰ্থ।

(৩) উপযুক্ত কৰ্তৃপক্ষ কোন কৰ্মচাৰীৰ বিনা ছুটিতে অনুপম্বিতিৰ সময়কে ভূতাপেক্ষ কাৰ্যকৰিতাসহ বিনা বেতনে অসাধারণ ছুটিতে বৃপ্তান্তিৰিত কৰিবলৈ পাৰে।

২০। বিশেষ অক্ষমতাজনিত ছুটি।—(১) কোন কৰ্মচাৰী তাহার ব্যায়াম কৰ্তৃবোঝ পালনকালে বা উহা পালনেৰ পৰিমতিতে অথবা তাহার পদে অধিক্ষিত থাৰ্কিবাৰ কাৰণে আঘাতপ্ৰাপ্ত হইবলাবলৈ অক্ষম হইলে, উপযুক্ত কৰ্তৃপক্ষ তাহাকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুৰ কৰিবলৈ পাৰে।

(২) যে অদক্ষতাৰ কাৰণে অক্ষমতাজনিত ছুটি চাওয়া হইল সেই অক্ষমতা ৩ (তিনি) মাসেৰ মধ্যে প্ৰকাশ না পাইলে, এবং যে বাস্তু অক্ষম হন, সেই বাস্তুতন্ত্ৰে প অক্ষমতাৰ কাৰণ অবিদৃশ্বে উপযুক্ত কৰ্তৃপক্ষকে অবহিত না কৰিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুৰ কৰা হইবে না।

(৩) যে মেয়াদেৰ জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্ৰয়োজনীয় বলিবা এতদউদ্দেশ্যে বোৰ্ড কৰ্তৃক মনোনীত চৰকৰসক প্ৰতাধন কৰিবে সেই মেয়াদেৰ জন্য উক্ত ছুটি মঞ্জুৰ কৰা হৰ্তাৰে এবং উক্ত চৰকৰসকেৰ প্ৰতাধন বাতিলৱেকে তাৰা বৰ্ধিত কৰা হইবে না এবং উক্ত ছুটি কোনতোৱে ২৪ (চাৰিশশ) মাসেৰ অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য মে কোন ছুটিৰ সংগে সংযুক্ত কৰা বাইতে পাৰে।

(৫) যদি একই ধৰণেৰ অক্ষমতাৰ প্ৰতিকাৰে কোন সময় অক্ষমতা বৰ্ধিত পাও বা উহাদ প্ৰনৱাৰ কৰি ঘটে তাৰা হইলে একাধিকতাৰ বিশেষ অক্ষমতাজনিত ছুটি গ্ৰহণ কৰা মাটোৰ নাৰ অনুৱাপ ছুটিৰ প্ৰিয়গণ, ২৪ (চাৰিশশ) মাসেৰ অধিক হইবে না এবং তাৰা যে কোন একটি অক্ষমতাৰ কাৰণেও মঞ্জুৰ কৰা বাইবে।

(৬) শুধুমাত্র আন্তোষিকের এবং যে ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্ত হওয়া সে ক্ষেত্রে অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অঙ্গমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং উহা ছুটির হিসাব হইতে বিরোজন করা হইবে না।

(৭) বিশেষ অঙ্গমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ, যথা :—

(ক) উপ-প্রবিধান (৫) এর অধীনে মঞ্জুরীকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির ৪ (চার) মাসের জন্য প্রাৰ্থ বেতন; এবং

(খ) এইরূপ কোন ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অধী বেতন।

(৮) এই প্রবিধানের অন্যান্য বিধানসমাহের প্রযোজনাত এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্পূর্ণায়িত করা যাইতে পারে, যিনি তাহার ব্যথাব্যথ কর্তব্য পালনকালে, বা উহা পালনের পরিণামতে, অথবা তাহার পদে অধিষ্ঠিত ঘৰ্যাকৰ্বার কারণে, দুর্ঘটনাবশত আঘাতপ্রাপ্ত হইয়াছেন অথবা যিনি নির্দিষ্ট মেয়ীন কর্তব্য পালনকালে তাহার পদের স্বাভাবিক বার্ম বহির্ভূত অসুস্থতা বা জ্বর বা বাড়াইয়া তোলার সম্ভাবনা থাকে, এইরূপ অসুস্থতা বা জ্বরের দরুণ অফিশ হইয়াছেন।

২১। **সংগ্রোধ ছুটি (Quarantine Leave)**।—(১) কোন কর্মচারীর পরিবারে বা গ্রহে সংক্রামক ব্যাধি থাকার কারণে যদি আদেশ দ্বারা তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়, তবে যে সময়ের জন্য উক্ত রূপ নির্দেশ কার্যকর থাকে, সেই সময়কাল হইবে সংগ্রোধ ছুটি।

(২) অফিস প্রধান কোন চিকিৎসক কর্মকর্তা বা জনস্বাস্থা কর্মকর্তার সার্টিফিকেটের ভিত্তিতে অন্ধাৰ্থ ২১ (একুশ) দিন অথবা অস্বাভাবিক অবস্থায় ৩০ (ত্রিশ) দিনের জন্য সংগ্রোধ ছুটি মঞ্জুর করিতে পারেন।

(৩) সংগ্রোধের জন্য উপ-প্রবিধান (২) এ উক্তিস্থিত মেয়াদের অর্তিরিত ছুটি প্রযোজন হইলে, উহা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এই প্রবিধানমালার অধীন আন কোন প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) এই প্রবিধানমালা অন্যায়ী প্রাপ্ত ছুটি সাপেক্ষে প্রযোজন হইলে অন্যাবধি ছুটির সহিত সংগ্রোধ ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

(৫) সংগ্রোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অন্পুস্থিত বলিবা গণ্য করা হইবে না, এবং ব্যবন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আঞ্চাত হন তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২২। **প্রস্তুতি ছুটি।**—(১) কোন কর্মচারীকে প্রাৰ্থ বেতনে সর্বাধিক ৫ (পাঁচ) মাস পর্যন্ত প্রস্তুতি ছুটি মঞ্জুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রস্তুতি ছুটির মঞ্জুরীর অন্বেষণ কোন নির্বাচিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনা মতে কর্মচারীর প্রাপ্ত অন্য যে কোন ছুটির সহিত একত্রে বা সম্পূর্ণায়িত করিয়া মঞ্জুর করা যাইতে পারে।

(৩) বাংকে চাকুরী জীবনে কোন কর্মচারীকে দ্বষ্ট বাবের অধিক প্রস্তুতি ছুটি মঞ্জুর করা যাইবে না।

২৩। অবসর প্রস্তুতি ছুটি।—(১) অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি হিসাবে কোন কর্মচারী ১ (এক) বৎসর ছুটি ভোগ করিতে পারেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন ছুটি ভোগ করা কালে কোন কর্মচারী তাহার সর্বশেষ বেতনের হিসাবে ৬ (ছয়) মাসের পৃথক বেতন এবং বাকী ৬ (ছয়) মাস উক্ত সর্বশেষ বেতনের অর্ধেক বেতন পাইবেন।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীনে অবসর প্রস্তুতি ছুটি মঞ্জুরীর পর কোন কর্মচারীর অর্জিত ছুটি প্রাপ্ত থাকিলে তিনি অর্জিত ছুটির অন্বিত ১২ (বার) মাস পর্যন্ত নগদায়ন গ্রহণ করিতে পারিবেন।

(৪) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে ১ (এক) মাস পূর্বে অবসর প্রস্তুতি ছুটির জন্য আবেদন করিবেন।

(৫) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে একাদিন পূর্বে অবসর প্রস্তুতি ছুটিতে যাইবেন।

২৪। অধ্যয়ন ছুটি।—(১) বাংকে চাকুরীর জন্য সহায়ক হইতে পারে এইরূপ বিষয়াদি অধ্যয়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোম্পানি অংশগ্রহণের জন্য কোন কর্মচারীকে উপর্যুক্ত কর্তৃপক্ষ অর্থ-বেতনে অন্বিত ১২ (বার) মাস অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারে এবং এইরূপ ছুটি তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া হইবে না।

(২) যে ক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয় এবং তিনি পরবর্তীকালে দোখতে পান যে, মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ অধ্যয়ন বা প্রশিক্ষণ বা পর্যাপ্ত জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সে ক্ষেত্রে সময়ের স্বল্পতা প্রকল্পে উক্ত কর্তৃপক্ষ তাহাকে অন্বিত ১ (এক) বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মেয়াদ বর্ধিত করিতে পারিবে।

(৩) পৃথক বেতনে বা অর্থ বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত একত্রে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা যাইতে পারে, তবে এইরূপ মঞ্জুরীকৃত ছুটি কোনভাবেই একত্রে মোট ২ (দুই) বৎসরের অধিক হইবে না।

২৫। নৈমিত্তিক ছুটি।—(১) সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা বৎসরে মোট বর্তাদিন নৈমিত্তিক ছুটি নির্ধারণ করিয়ে কর্মচারীগণ মোট ততীদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

(২) কোন কর্মচারীকে একসংগে ১০ (দশ) দিনের বেশী নৈমিত্তিক ছুটি দেওয়া যাইবে না।

(৩) নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবার জন্য কোন আন্তর্ভুক্তি আদেশ বা বিজ্ঞপ্তি জারী করিবার অথবা এই ছুটি চাকুরীর ব্যতাক্ত বাহিতে নির্দিষ্ট করিবার প্রয়োজন হইবে না।

(৪) নৈমিত্তিক ছুটি প্রতিটি পঞ্জিকা বৎসরের মধ্যেই গ্রহণীয় হইবে এবং কোন পঞ্জিকা বৎসরের অধীনিত নৈমিত্তিক ছুটি ত্রি বৎসরের ৩১শে ডিসেম্বর তারিখে তামাদি হইয়া যাইবে।

(৫) নৈমিত্তিক ছুটি সাম্পত্তিক বা সাধারণ ছুটির দিনসহ ধারাবাহিকতা রক্ষা করিয়া গ্রহণ করা যাইতে পারে, তবে নোমাউক ছুটির মধ্যবর্তী সময়সূচিতাহক ছুটির দিন বা সাধারণ ছুটির দিন হইলে, সমগ্র সময়টি (সাম্পত্তিক বা সাধারণ ছুটিসহ) নৈমিত্তিক ছুটি হিসাবে গণ্য হইবে, যদি ডাহার পারিমাণ সর্বাধিক প্রাপ্ত নৈমিত্তিক ছুটির পারিমাণ অপেক্ষা বেশী না হয়, এবং বেশী হইলে উক্ত সম্পূর্ণ সময়কাল, প্রাপ্তা সাপেক্ষে, পূর্ণ বা অর্ধ বেতনে আর্জ ত ছুটিতে পারণত হইবে, আব ঐরূপ ছুটি পাওনা না থাকিলে ডাহা বিনা বেতনে অসাধারণ ছুটিতে পারণত হইবে।

(৬) নৈমিত্তিক ছুটি অন্য কোন ছুটির সহিত যুক্ত করা যাইবে না এবং নৈমিত্তিক ছুটির মেয়াদ বাধিত করা হইলে যদি সমগ্র সময়টি (প্রথমে মঙ্গলবার কৃত নোমাউক ছুটির সময়সহ) পাওনা এবং একবারে গ্রহণযোগ্য নৈমিত্তিক ছুটির পারিমাণ অপেক্ষা বেশী হয়, তাহা হইলে ডাহা উপ-প্রাবধান (৫) অনুসূরে অর্জিত ছুটিতে পারণত হইবে এবং অন্য কোন প্রকার ছুটি পাওনা না থাকলে, বিনা বেতনে অসাধারণ ছুটিতে পারণত হইবে।

(৭) যোগদানের দিনের সংগৰে যুক্ত করিয়া নৈমিত্তিক ছুটি গ্রহণ করা যাইবে না।

(৮) এক দফার গৃহীত নৈমিত্তিক ছুটি এক পঞ্জিকা বৎসর হইতে পরবর্তী পঞ্জিকা বৎসরে সম্প্রসারিত হইতে পারিবে:

তবে শর্ত থাকে যে, উক্ত ছুটির সর্বোচ্চ পারিমাণ একবারে গ্রহণযোগ্য নৈমিত্তিক ছুটির পারিমাণ অপেক্ষা বেশী হইবে না, এবং এ ছুটির যৈ কর্যাদিন ডিসেম্বর মাসে পাড়বে সেই কর্যাদিনের নৈমিত্তিক ছুটি সংক্রিয়ত বৎসরে পাওনা থাকিতে হইবে এবং উক্ত ছুটির বাকী অংশ পরবর্তী বৎসরের নৈমিত্তিক ছুটি হিসাবে গণ্য হইবে।

২৬। ছুটির পদ্ধতি।—(১) প্রতোক কর্মচারীর ছুটির হিসাব বোর্ড কর্তৃক নির্ধারিত নিয়মে ও পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে অথবা সাদা কাগজে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী কর্মচারী বে কর্মকর্তার অধীনে কর্মরত আছেন তাহার স্প্লারিশনে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৪) বিশেষ পরিস্থিতিতে, কোন কর্মকর্তা যদি এই ঘর্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মরত কোন কর্মচারীর ছুটি পাওনা যাইয়াছে, তবে তিনি আনন্দগ্রাহিক মঙ্গলবারী আদেশ সাপেক্ষে, তাহাকে অন্তর্মুখ ১৫ (পনের) দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে পারেন।

(৫) স্বাক্ষরগত কারণে কোন কর্মচারীকে ছুটি মঙ্গল করিবার অথবা মঙ্গলবার কৃত ছুটির মেয়াদ বাড়াইবার প্রবেশ উপযুক্ত কর্তৃপক্ষ ইচ্ছা করিলে কর্তৃপক্ষ নির্দেশিত কোন চিকিৎসা কর্তৃপক্ষের প্রত্যয়ন প্রয়োগ সংযোগ করিবার নির্দেশ দিতে পারে।

(৬) কোন কর্মচারীর অসুস্থতার ব্যাপারে কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত চিকিৎসা কর্তৃপক্ষের অভ্যর্থনা চাওয়া হইলে মেডিক্যাল সার্টিফিকেটের ভিত্তিতে ছুটির আবেদন বা ছুটির মেয়াদ বৃদ্ধির আবেদন মঙ্গল করা যাইতে পারে।

(৭) কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত চিকিৎসা কর্তৃপক্ষের নিকট হইতে গৃহীত মেডিক্যাল সার্টিফিকেটে পেশ করা যাইয়ে ছুটি প্রাপ্তির অধিকার অর্জিত হইবে না এবং ছুটি মঙ্গলবারী কর্তৃপক্ষের নিকট মেডিক্যাল সার্টিফিকেটে পেশ করিয়া উক্ত কর্তৃপক্ষের নির্দেশের অপেক্ষার থাকিতে হইবে।

(৮) বাংলাদেশের বাহিরে ছুটিতে অবস্থানকারী কোন কর্মচারীর চিকিৎসারত থাকার কারণে ছুটির মেয়াদ ব্যত্যন্ত আবেদনের সংগে সংশ্লিষ্ট চিকিৎসকের প্রতায়ন পত্র ঘৃত্য করিতে হইবে এবং উক্ত কর্মচারী চিকিৎসকের স্বাক্ষর সতীয়ত করিবেন এবং প্রতায়ন পত্রে অসুস্থতার প্রকৃতি এবং অসুস্থ কর্মচারীর শারীরিক অবস্থা সম্পর্কে বিস্তারিত বিবরণ থাকিতে হইবে।

২৭। ছুটিকালীন বেতন।—(১) কোন কর্মচারী প্রাৰ্ব্ব বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আৱশ্যক প্ৰাৰ্ব্ব তিনি সৰ্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হাবে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অৰ্থ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আৱশ্যক প্ৰাৰ্ব্ব তিনি সৰ্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অৰ্থ হাবে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(৩) ছুটি যে দেশেই কাটানো ইউক, ছুটির বেতন বাংলাদেশী টাকায় বাংলাদেশে প্রাপ্ত হইবে।

তবে শৰ্ত থাকে যে, বাতিক্রমী কেতে বাংলাদেশের বাহিরে ছুটি কুটাইবার বেলায় কোন কর্মচারীকে, কৃতপক্ষের সুপোৰিশভূমি, সরকার কৃত্ত আৱোপাতি শৰ্ত অনুযায়ী, যদি থাকে, ছুটির বেতন বা উহার অংশবিশেষ বৈদেশিক মদ্রাস প্রদান কৰিবার সিদ্ধান্ত কৃতপক্ষ গ্ৰহণ কৰিতে পারে।

২৮। ছুটি হইতে প্রত্যাবৰ্তন কৰানো।—ছুটি ভোগৱত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার প্ৰাৰ্ব্ব দারিদ্ৰ্য পালনের জন্য তলব কৰা যাইতে পাৰে এবং তাহাকে অনুৰূপভাৱে তলব কৰা হইলে, তিনি যে কৰ্মসূলে ফিরিয়া আসিবার জন্য নিদেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওয়ানা হওয়াৰ তাৰিখ হইতে তাহাকে কৰ্মসূল বলিয়া গণ্য কৰা হইবে এবং এতদুদ্দেশ্যে দ্রমণের জন্য তিনি দ্রমণ ভাতা পাইবার অধিকারী হইবেন।

২৯। ছুটির নগদায়ন।—(১) যে কর্মচারী অবসর ভাতা বা ভাৰ্বিয়া তহাবলোৱে স্বীকৃত গ্ৰহণের জন্য সিদ্ধান্ত গ্ৰহণ কৰেন নাই, তিনি, তাহার সম্পূর্ণ চাকুৱাকালেৰ জন্য সৰ্বাধিক ১২ (বাৰ) মাস পৰ্যন্ত প্ৰতি বৎসৱে প্রত্যাখ্যাত ছুটির ছুটির ৫০% ভাগ নগদ টাকায় রূপাল্পত্ৰিত কৰায় জন্য অনুমতি পাইতে পাৰেন।

(২) সৰ্বশেষ মূল বেতনের ভিত্তিতে উপ-প্ৰিধান (১) এ উল্লেখিত ছুটি নগদ টাকায় রূপাল্পত্ৰিত কৰা ইত্যাদি।

পশ্চিম অধ্যাদ

ভাতা ইত্যাদি

৩০। দ্রষ্টব্য ভাতা, ইত্যাদি।—কোন কর্মচারী বাংলাদেশের অভ্যন্তরে তাহার দারিদ্ৰ্য পালনার্থে দ্রমণকালে, বা বদলী উপলক্ষে দ্রমণকালে, সরকারের নিদেশাবলীৰ আলোকে কৃতপক্ষ কৃত্তক সহযোগ সহযোগে নিৰ্ধাৰিত হাস ও শৰ্তাবলী অনুযায়ী দ্রমণ ভাতা ও দৈননিক ভাতা পাইবার অধিকারী হইবেন।

৩১। সম্মানী, ইত্যাদি।—(১) ব্যাকে উহার কোন কর্মচারীকে সাময়িক প্ৰক্ৰিতিক গ্ৰবৎ সম্মানী কোন কৰ্মসূল এবং ব্যাবহীক ডিলেভাৰ পৰীক্ষা পাসেৰ জন্য সম্মানী হিসাবে নগদ অৰ্থ বা অন্য কোন পুৰুষকাৰ প্ৰদান কৰিতে পাৰিবে।

(২) উপ-প্রিধান (১) এর অধীনে কোন সম্মানী বা নগদ অর্থ প্ৰমকার মজুর কৰা হইবে না, যদি এতদ্দেশ্যে গঠিত কৰ্মচৰ্চ কৰ্তৃক তাহা সূপৰিৱশ না কৰা হয়।

৩২। দায়িত্ব ভাতা।—কোন কৰ্মচৰ্চী উপযুক্ত কৰ্তৃপক্ষের আদেশকৰ্মে কৰ্মপক্ষে ২১ (একশ) দিনের জন্য তাহার নিজ দায়িত্বে অতিরিক্ত দায়িত্ব হিসাবে সম্মানের বা উচ্চতর কোন পদের দায়িত্ব পালন কৰিলে তাহাকে ভূল বেতনের শতকরা ২০ ভাগ হাবে দায়িত্ব-ভাতা প্রদান কৰা হইবে।

তবে শর্ত থাকে যে, এতদ্দেশ্যে জারীকৃত সৱকারী নীতিমালার পরিপন্থীভাৱে উচ্চ ভাতা গ্রহণ কৰা দায়িত্ব না।

৩৩। উৎসব ভাতা।—সৱকার কৰ্তৃক এতদ্দেশ্যে সময়ে সময়ে জারীকৃত সৱকারী আদেশ মোতাবেক ব্যাংকের কৰ্মচাৰীগণকে উৎসব ভাতা ও বোনাস প্রদান কৰা হইবে।

৩৪। গৃহনির্মাণ সূবিধাদি।—ব্যাংক উহার কৰ্মকৰ্তা ও কৰ্মচাৰীদের গৃহ নির্মাণ কৰা, কার ও মোটর সাইকেল কৰ্ম কৰিবলৈ জন্য সৱকার কৰ্তৃক নিৰ্ধাৰিত সুদে খণ্ডে সূবিধাদি প্রদান কৰিতে পাৰিবে।

৩৫। চাকুৱৰীৰ ব্যান্ত

চাকুৱৰীৰ ব্যান্ত

৩৫। চাকুৱৰীৰ ব্যান্ত।—(১) পথক প্রথকভাৱে প্ৰতোক কৰ্মচাৰীৰ জন্য চাকুৱৰীৰ ব্যান্ত রক্ষণাবেক্ষণ কৰা হইবে এবং ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ কৰ্তৃক নিৰ্দিষ্ট চাকুৱৰী বাহি সংৰক্ষিত হইবে।

(২) কোন কৰ্মচাৰী কৰ্তৃপক্ষাপ্ত কৰ্মকৰ্তাৰ উপস্থিতিতে প্ৰতি বৎসৱে একবাৰ তাহার চাকুৱৰী বাহি দেখিতে পাৰিবেন এবং এইৱেপ দেখিবাৰ পৰ তিনি উহাতে সিপিবৰ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখপূৰ্বক তাৰিখসহ স্বাক্ষৰ কৰিবেন।

(৩) যদি কোন কৰ্মচাৰী তাহার চাকুৱৰী বাহি পৰিদৰ্শনকালে উহাতে কোন ভূল বা বিলুপ্ত দেখিতে পাল, তাহা হইলে তিনি উহা সংশোধনেৰ জন্য ১৫ (পন্থ) দিনেৰ মধ্যে বিবরণিত নিখিত-ভাৱে কৰ্তৃপক্ষাপ্ত কৰ্মকৰ্তাৰ দ্বিতীয়েৰ কৰিবেন এবং উচ্চ কৰ্মকৰ্তা চাকুৱৰী বাহিতে প্ৰয়োজনীয় সংশোধন কৰিবেন।

৩৬। বার্ষিক প্ৰতিবেদন।—(১) কৰ্মচাৰীগণ কৰ্তৃক সম্পূর্ণত কাৰ্য এবং তাহাদেৱ আচৰণ সম্পর্কৰ বার্ষিক প্ৰতিবেদন প্ৰস্তুত উপযুক্ত কৰ্তৃপক্ষ প্ৰস্তুত কৰিবেন এবং উচ্চ প্ৰতিবেদন বার্ষিক গোপনীয় প্ৰতিবেদন নামে অভিহিত হইবে; এবং বিশেষ ক্ষেত্ৰে, প্ৰয়োজনবোধে, উপযুক্ত কৰ্তৃপক্ষ কোন নিৰ্দিষ্ট কৰ্মচাৰীৰ বিশেষ গোপনীয় প্ৰতিবেদন প্ৰতিবেদনকাৰী কৰ্মকৰ্তাৰ নিকট হইতে চাহিতে পাৰিবেন।

(২) কোন কৰ্মচাৰী তাহার গোপনীয় প্ৰতিবেদন দেখিতে পাৰিবেন না, কিন্তু উহাতে কোন বিৱৰণ ঘন্তব্য থাকিলে, উহার কৈবিল্যত প্ৰদানেৰ বিষ্বা তাহার নিজেকে সংশোধনেৰ স্বোগ দেওয়া হইবে।

সম্পত্তি অধ্যায়

সাধারণ আচরণ ও শুধুলা

৩৭। সাধারণ আচরণ ও শুধুলা।— (১) প্রতোক কর্মচারী—

- (ক) এই প্রবিধানমালা মানিয়া চলিবেন;
 - (খ) যে বাস্তু বা বাস্তিবর্গের এখতিয়ার, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ নিয়োজিত রহিয়াছেন তাহার বা তাহাদের স্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পালন এবং মানিয়া চলিবেন; এবং
 - (গ) সতত, নিষ্ঠা ও অধাবসায়ের সহিত ব্যাংকের চাকুরী করিবেন।
- (২) কোন কর্মচারী—
- (ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করিবেন না; উহার সাহায্যার্থে চাঁদা দান বা অন্য কোম উপায়ে উহার সহায়তা করিবেন না এবং ব্যাংকের স্বার্থের পরিপন্থী কোন কার্যকলাপে নিজেকে ভৱিত করিবেন না;
 - (খ) তাহার অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার প্রব অনুমতি ব্যাতরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরী স্থল তাগ করিবেন না;
 - (গ) ব্যাংকের সহিত লেন-দেন রহিয়াছে কিংবা লেন-দেন থাকার সম্ভাবনা রহিয়াছে এমন বাস্তিদের নিকট হইতে কোন দান গ্রহণ করিবেন না;
 - (ঘ) কোন বীমা কোম্পানীর এজেণ্ট হিসাবে কাজ করিবেন না;
 - (ঙ) কোন বাবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন বাস্তুর প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন বাবসা পরিচালনা করিবেন না;
 - (চ) উপর্যুক্ত কর্তৃপক্ষের প্রব অনুমোদন ব্যাতরেকে বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না; এবং
 - (ছ) সরকার বা উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যাতরেকে অন্য কোন খণ্ডকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।
- (৩) কোন কর্মচারী ব্যাংকের নিকট বা উহার কোন সদসোর নিকট সরাসরি কোন বাস্তিগত নিবেদন পেশ করিতে পারিবেন না এবং কোন নিবেদন থাকিলে তাহা কর্মচারীর অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।
- (৪) কোন কর্মচারী তাহার চাকরী সম্পর্কিত কোন দাবীর সমর্থনে উপর্যুক্ত কর্তৃপক্ষ বা উহার কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা বাহিন্যের কোন প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।
- (৫) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে ইস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন মন্ত্রীর স্মরণাপন হইবেন না।
- (৬) কোন কর্মচারী ব্যাংকের বিষয়াদি লইয়া সংবাদপত্র বা অন্য কোন গণমাধ্যমের সহিত সরাসরি কোন ঘোষণাগ্রহ স্থাপন করিবেন না।
- (৭) প্রতোক কর্মচারী অভ্যাসগতভাবে ঝগঢ়স্ততা পরিহার করিবেন।

৩৮। দশ্মের ভিত্তি।—কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী—

- (ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন; অথবা
- (খ) অসদাচরণের দায়ে দোষী হন; অথবা
- (গ) পলায়নের দায়ে দোষী হন; অথবা
- (ঘ) অদম্য হন, অথবা দম্যতা হারাইয়া ফেলেন; অথবা
- (ঙ) নিম্নবর্ণিত কারণে দম্যন্তি পরায়ণ হন বা যান্ত্রিকসংগতভাবে দম্যন্তি পরায়ণ বলিয়া বিবেচিত হন, যথা:—

(অ) তিনি বা তাহার কোন পোষা বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন বাস্তি তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ হয় এইরূপ অর্থ সম্পন্ন বা সম্পন্ন দশলে রাখেন এবং তাহা অর্জনের ঘোষিতকতা দেখাইতে তিনি বার্থ হন;

- (আ) তাহার প্রকাশ্য আয়ের সংগে সংগতি রক্ষা না করিয়া জীবনব্যাপন করেন;
- (চ) চূরি, আঘাসাং, তহবিল তসরুফ বা প্রতারণার দায়ে দোষী হন; অথবা
- (ছ) ব্যাংক বা রাষ্ট্রের বিভিন্ন নাশকতাহীলক বা ক্ষতিকর কার্যে লিপ্ত হন, বা অন্যরূপ কার্যে লিপ্ত রাখিয়াছেন বলিয়া সন্দেহ করার যান্ত্রিকসংগত কারণ রয়েক, এবং সে কারণে তাহাকে চাকুরীতে রাখা ব্যাংক বা জাতীয় নিরাপত্তার জন্য ক্ষতিকর বলিয়া বিবেচিত হয়,

তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড আরোপ করিতে পারে।

৩৯। দশ্মসম্মতি।—(১) এই প্রাবিধানের অধীনে নিম্নোক্ত দশ্মসম্মত আরোপযোগ্য হইবে, যথা:—

(ক) লঘুদণ্ডঃ

(অ) তিরস্কার:

(আ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোষ্যতি বা বেতন বৰ্ধন স্থগিত রাখা;

(ই) ৭ (সাত) দিনের ম.ল বেতনের সম্পরিষাল টাকা কর্তৰ্ন।

(খ) গ্রহণ্যত্বঃ—

(অ) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নলিখিতে অবনতকরণ;

(আ) কর্মচারী কর্তৃক সংঘটিত ও প্রমাণিত অপসারণ এর আর্থিক ক্ষতির অংশ-বিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদায়করণ;

(ই) চাকুরী হইতে অপসারণ; এবং

(ঈ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) চাকুরী হইতে অপসারণের ক্ষেত্রে নহে, বরং চাকুরী হইতে বরখাস্তের ক্ষেত্রে, কোন কর্মচারী ভবিষ্যতে ব্যাংকের চাকুরী প্রাপ্তির অবোধ্য বলিয়া প্রতিপন্থ হইবেন।

৪০। নাশকতম্বনক, ইত্যাদি কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) প্রারিধান ৩৮(ছ)-তে উচিল্লিখিত কার্যকলাপের জন্য কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সংচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ—

- (ক) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উচিল্লিখিত তারিখ হইতে তাহার প্রাপ্য ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারে;
- (খ) উক্ত কর্মচারীর বিরুদ্ধে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করিবে, সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ভিত্তিসমূহ সম্পর্কে তাহাকে লিখিতভাবে অবহিত করিবে; এবং
- (গ) উপ-প্রারিধান (২) এর অধীনে অভিযোগ তদন্তের জন্য গঠিত তদন্ত কর্মিটির নিকট প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে ঘৃণ্ণিসংগত সূযোগ প্রদান করিবে।

তবে শর্ত থাকে যে, বেক্ষণে উপব্যুক্ত কর্তৃপক্ষ এই মর্মে সম্মুছ হয় যে, বাংলাদেশের নিরাপত্তার স্বার্থে তাহাকে অনুরূপ সূযোগ প্রদান সম্ভীলন নহে, সেক্ষেত্রে তাহাকে অনুরূপ সূযোগ প্রদান করা হইবে না।

(২) বেক্ষণে উপ-প্রারিধান ১(গ) অনুসারে তদন্ত কর্মিটি গঠনের প্রয়োজন হয়, সেক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযুক্ত কর্মচারীর পদবীদার নিম্নে নহেন এমন তিন জন কর্মচারীর সমন্বয়ে একটি তদন্ত কর্মিটি গঠন করিবে।

(৩) উপ-প্রারিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কর্মিটি অভিযোগের তদন্ত করিয়া কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবে এবং কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর যেইরূপ উপব্যুক্ত বলিয়া মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

৪১। লঘুদণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) এই প্রারিধানমালার অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সংচনা করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি অভিযোগ প্রাপ্তির ৭ (সাত) টি কার্যদিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ত দেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহা জানাইবার জন্য নির্দেশ প্রদান করিবে; এবং

- (ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আন্তি অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবে এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির ৭ (সাত) টি কার্যদিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ত দেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহা জানাইবার জন্য নির্দেশ প্রদান করিবে; এবং
- (খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত, যদি কিছু থাকে, বিচেতনা করিবে এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগত শুনানীর সূযোগ দেওয়ার পর, অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লঘুদণ্ড প্রদান করিতে পারে:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে, অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানী দেওয়ার পর তাহার পদবীদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিরোগ করিয়া প্রতিবেদন দাখিল করার জন্য উক্ত কর্মকর্তাকে নির্দেশ দিতে পারিবে।

(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাইবার পর কর্তৃপক্ষ তৎসম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবে অথবা, প্রয়োজন মনে করিলে, অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারিবে।

(৩) অধিকতর তদন্তের আদেশ দেওয়া হইলে, উহার প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৪) যেক্ষেত্রে প্রতিধান ৩৮ এর সফা (ক) বা (খ)তে উল্লিখিত কার্যকলাপের জন্য কোন কর্মচারীর বিবরণে কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ যদি এই অভিমত পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হইলে অভিযুক্তকে তিরস্কার দণ্ড প্রদান করা যাইতে পারে, সেক্ষেত্রে—

- (ক) কর্তৃপক্ষ অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানীর স্বয়েগ দান করাতে; উক্ত দণ্ড আরোপ করিতে পারে; অথবা
- (খ) অভিযুক্ত ব্যক্তি ব্যক্তিগতভাবে উপস্থিত না হইলে বা উপস্থিত হইতে অন্ধীকার করিলে, কর্তৃপক্ষ—
 - (অ) শুনানী ব্যক্তিরেকেই অভিযুক্ত ব্যক্তির উপর দণ্ডারোপ করিতে পারিবে;
 - (আ) উপ-প্রতিধান (১) ও (২) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করার পর অভিযোগ প্রমাণিত হইলে, অভিযুক্ত ব্যক্তিকে প্রতিধান ৩৯(১)(ক)তে বর্ণিত যে কোন লঘুদণ্ড আরোপ করিবে;
- (গ) লিখিতভাবে অভিযোগ জানাইবার জন্য অভিযুক্ত ব্যক্তি দাবী করিলে, কর্তৃপক্ষ উপ-প্রতিধান (১) হইতে (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিবে এবং অভিযোগ প্রমাণিত হইলে প্রতিধান ৩৯(১)(ক)তে বর্ণিত যে কোন দণ্ড প্রদান করিবে।

৪২। গ্রন্থের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) যেক্ষেত্রে কর্মচারীর বিবরণে এই প্রতিধানযাতার অধীনে কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ অভিমত পোষণ করে যে, অভিযোগ প্রমাণিত হইলে কোন গ্রন্থদণ্ড আরোপ করা প্রয়োজন হইতে পারে, সেক্ষেত্রে কর্তৃপক্ষ—

- (ক) অভিযোগনামা প্রশংসন করিবে এবং প্রস্তাৱিত দণ্ডের বিষয় উহাতে উল্লেখ করিবে এবং যে সকল অভিযোগের ভিত্তিতে অভিযোগনামাটি প্রণীত হইৱাছে উহার বিবরণ এবং কর্তৃপক্ষ আদেশ প্রদানের সময়ে অন্য যে সকল ঘটনা বিবেচনা করার ইচ্ছা পোষণ করে তাহাও কর্মচারীকে অবহিত করিবে;
- (খ) অভিযোগনামা প্রাপ্তিৰ পর অভিযুক্ত ব্যক্তি ১০ (দশ)টি কার্যদিবসের মধ্যে আঞ্চলিক সমৰ্থন কৰিয়া লিখিত বিবৃতি পোশ করিবেন এবং প্রস্তাৱিত দণ্ড কেন তাহার উপর আরোপ করা হইবে না তৎসম্পর্কে উক্ত বিবৃতিতে কারণ দর্শাইবেন এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহাও উল্লেখ করিবেন।

তবে শৰ্ত থাকে যে, নির্ধারিত মেয়াদ শেষ হইবার পূর্বেই অভিযুক্ত ব্যক্তি যদি সময় ব্যাপ্তি করে জন্য আবেদন করেন, তাহা হইলে কর্তৃপক্ষ তাহাকে তাহার লিখিত বিবৃতি পোশ করার জন্য অধিকতর ১০ (দশ)টি কার্যদিবস পর্যন্ত সময় দিতে পারিবে।

(২) যেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে আঞ্চলিক সমৰ্থন কৰিয়া বিবৃতি পোশ করিবেন, সেক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগ সংক্রান্ত অন্যান্য বিবয়াদি সাক্ষাৎ প্রমাণসহ তাহার বিবৃতি বিবেচনা করিবে এবং অন্তর্গত বিবেচনার পর কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করে যে,—

- (ক) অভিযুক্ত ব্যক্তির বিবরণে স্বচ্ছত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যন্ত কারণ নাই, তাহা হইলে উক্ত অভিযোগ প্রত্যাহার করিবে এবং তদন্তস্থানে উক্ত কার্যধারা নিপত্তি হইবে;

(খ) অভিযোগ বাস্তির বিরুদ্ধে সচিত কার্যধারাটি অংসুর হইবার পর্যাপ্ত কারণ আছে এবং অভিযোগ প্রমাণিত হইলে লঘুদণ্ড প্রদানের প্রয়োজন হইবে, তাহা হইলে অভিযোগ বাস্তিকে বাস্তিগতভাবে শুনানীর সুযোগ দান করিয়া যে কোন একটি লঘুদণ্ড প্রদান করিতে পারিবে অথবা লঘুদণ্ড আরোপের উদ্দেশ্যে প্রবিধান ৪১ (১) (খ)-এর অধীন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া উক্ত প্রবিধানে বর্ণিত কার্যপ্রণালী অনুসরণ করিবে; এবং

(গ) উক্ত কার্যধারার অভিযোগ বাস্তির উপর গ্রুদণ্ড আরোপের জন্য পর্যাপ্ত কারণ আছে, তাহা হইলে অভিযোগ তদন্তের জন্য অভিযোগ বাস্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিবে অথবা অন্তর্বর্পণ তিন জন কর্মকর্তা সমন্বয়ে একটি তদন্ত কর্মিটি গঠন করিবে।

(৩) যেক্ষেত্রে অভিযোগ বাস্তি নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে আবাপক সমর্থন করিয়া কোন লিখিত বিবরিত পোশ না করেন সেক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগ বাস্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিবে যা ক্ষেত্র বিশেষ তদন্ত কর্মিটি গঠন করিবে।

(৪) তদন্তকারী কর্মকর্তা, যা ক্ষেত্র বিশেষে, কর্মিটি তদন্তের আদেশ দানের তারিখ হইতে ১০ (দশ) টি কার্যদিবসের মধ্যে তদন্তের কাজ শুরু করিবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত প্রতিবেদন পোশ করিবেন।

